

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.৩৩.০০৪.২২. ২৮৪২

তারিখ: ০৭ সেপ্টেম্বর, ২০২৩

**অফিস আদেশ**

চট্টগ্রাম বিভাগাধীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম এর ৩১-০৮-২০২৩ তারিখের ৩৪১৫, ৩৪৬০, ৩৪৬৩ নং স্মারক পত্রে প্রেরিত সুপারিশের প্রেক্ষিতে নির্ধারিত ছুটি বিমিমালা, ১৯৫৯ এর ৩(১)(iii) ধারা মোতাবেক অর্ধগড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্তে নিজ খরচে শিক্ষকের নামের পাশে বর্ণিত সময়ের জন্য বহিঃ বাংলাদেশ (ভারত) গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলো।

ক্র. নং	নাম, পদবি ও কর্মস্থল	মঞ্জুরীকৃত ছুটির সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য ও গন্তব্যস্থল
১.	জনাব সানজিদা ইসলাম সহকারী শিক্ষক দক্ষিণ বৈলতলী সরকারি প্রাথমিক বিদ্যালয় চন্দনাইশ, চট্টগ্রাম।	০৯-০৯-২০২৩ হতে অথবা যাত্রার তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন।	ফলোআপ চিকিৎসার নিমিত্ত ভারত গমন।
২.	জনাব শর্মা দাশ সহকারী শিক্ষক হালিশহর বেগমজান সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্দর, চট্টগ্রাম।	২০-১০-২০২৩ হতে অথবা যাত্রার তারিখ হতে ১৫ (পনেরো) দিন।	তীর্থস্থান ভ্রমণের নিমিত্ত ভারত গমন।
৩.	জনাব রোকেয়া বেগম প্রধান শিক্ষক ইকবাল পার্ক সরকারি প্রাথমিক বিদ্যালয় বোয়ালখালী, চট্টগ্রাম।	১৫-০৯-২০২৩ হতে অথবা যাত্রার তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন।	স্বামীর চিকিৎসার সফরসঙ্গী হিসেবে ভারত গমন।

**শর্তাবলী :**

- (ক) বহিঃ বাংলাদেশ গমনের পূর্বে এবং প্রত্যাবর্তনের পরে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে।  
(খ) কোনক্রমেই নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।  
(গ) ছুটিকালীন বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।  
(ঘ) এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।  
(ঙ) নির্ধারিত সময়ে পর কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন এবং সেক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ০৮ জুন, ২০২২ তারিখের ৩৮.০০.০০০০.১০৭.১৮.০০২.২০১৭-৮১২ নং পত্র মোতাবেক অনুমোদিত বহিঃ বাংলাদেশ ছুটির পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন ভাতা প্রাপ্য হবেন না।

স্বাক্ষরিত/-  
ড. মো: শফিকুল ইসলাম  
বিভাগীয় উপপরিচালক  
ফোন: ০২৩৩৩৩৫৫২৫৩  
e-mail: ddchitt@gmail.com

তারিখ: ০৭ সেপ্টেম্বর, ২০২৩

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.৩৩.০০৪.২২. ২৮৪২/২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

- ১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ২। মহাপরিচালক, বহিঃগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। হাই কমিশনার/সহকারী হাই কমিশনার, বাংলাদেশস্থ ভারতীয় হাইকমিশন, ঢাকা/চট্টগ্রাম।
- ৪। পরিচালক, হযরত শাহজালাল (রা:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম।
- ৫। ইমিগ্রেশন কর্মকর্তা, সীমান্ত চেকপোস্ট, বেনাপোল স্থলবন্দর, যশোর/ঢাকা ক্যান্টনমেন্ট রেল স্টেশন, ঢাকা/আখাউড়া স্থল বন্দর, ব্রাহ্মণবাড়িয়া/বিবির বাজার, কুমিল্লা, বাংলাদেশ।
- ৬। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, চট্টগ্রাম।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম। উক্ত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে এ কার্যালয়কে অবহিত করবেন।
- ৮। উপজেলা/থানা শিক্ষা অফিসার, চন্দনাইশ/বন্দর/বোয়ালখালী, চট্টগ্রাম। বর্ণিত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি নিশ্চিত করে এ কার্যালয়কে অবহিত করবেন এবং বর্ণিত শিক্ষকদের ছুটি/অনুপস্থিতকালীন বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম ব্যাহত হলে প্রত্যয়ন প্রদানকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চন্দনাইশ/বোয়ালখালী, চট্টগ্রাম।
- ১০। জনাব সানজিদা ইসলাম, সহকারী শিক্ষক, দক্ষিণ বৈলতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়, চন্দনাইশ, চট্টগ্রাম।
- ১১। জনাব শর্মা দাশ, সহকারী শিক্ষক, হালিশহর বেগমজান সরকারি প্রাথমিক বিদ্যালয়, বন্দর, চট্টগ্রাম।
- ১২। জনাব রোকেয়া বেগম, প্রধান শিক্ষক, ইকবাল পার্ক সরকারি প্রাথমিক বিদ্যালয়, বোয়ালখালী, চট্টগ্রাম।
- ১৩। সংরক্ষণ নথি।

ড. মো: শফিকুল ইসলাম  
বিভাগীয় উপপরিচালক